৪৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 5 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

## সাক্ষরতা আন্দোলন 'অরুনিমা শরীয়তপুর' উদ্বোধন

পানিসম্পদ মন্ত্রী আবদুর রাজ্জাক গত শনিবার শরীয়তপুর জেলার ডামুড্ডা থানার সার্বিক সাক্ষরতা আন্দোলন "অরুনিমা শরীয়তপুর'এর উদ্বোধন করেন।

শরীয়তপুর জেলার ৬টি থানার মধ্যে ৫টি থানা শরীয়তপুর সদর, জাজিরা, গোসাইরহাট ভেদেরগঞ্জ ও নড়িয়া ইতিমধ্যেই এ সাক্ষরতা আন্দোলনের অন্তর্ভুক্ত করা হইয়াছে।

মন্ত্রী বলেন, নিরক্ষরতা সমাজের জন্য অভিশাপ। তিনি বলেন,

( ৯ম পৃঃ দ্রঃ )

## সাক্ষরতা আন্দোলন

(তৃতীয় পৃঃ পর)

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নিরক্ষরতার অভিশাপ হইতে দেশকে মুক্ত করিতে সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচী হাতে নিয়াছে।

মন্ত্রী শরীয়তপুর জেলাকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করার লক্ষ্যে সরকার গৃহীত সার্বিক সাক্ষরতা আন্দোলন জোরদার করার জন্য নির্বাচিত প্রতিনিধিসহ শিক্ষক, অভিভাবক, ছাত্র ও সমাজের সর্বস্তরের জনগণকে আগাইয়া আসার আহ্বান জানান। ইহার আগে তিনি গোপালগঞ্জে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি পরিদর্শন করেন।

—তথ্য বিবরণী।